

ব্রি চপার মেশিন



ড. এ কে এম সাইফুল ইসলাম

ব্রি চপার মেশিন



ড. এ কে এম সাইফুল ইসলাম

প্রকাশনা সংখ্যা : ৪২৮
কপির সংখ্যা : ৫০০
প্রথম প্রকাশ : জানুয়ারী, ২০২৫

মুদ্রণে



প্রকাশ

মুল্লিপাড়া, জয়দেবপুর, গাজীপুর

প্রচ্ছদ ডিজাইন : ড. এ কে এম সাইফুল ইসলাম

সম্পাদনা : মো: রাসেল রানা

প্রফ রিডিং : মোসা: আছমা খাতুন

যোগাযোগের ঠিকানা : প্রকল্প পরিচালক
যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা
কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

সঠিক উদ্ধৃতি : এ কে এম সাইফুল ইসলাম ২০২৪: ব্রি চপার মেশিন, প্রকাশনা সংখ্যা
৪২৮, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

অর্থায়নে : যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা
কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

কৃতজ্ঞতা : বইটি প্রস্তুতে যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা করেছেন
তাদের সকলের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ।

ভূমিকা

বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে ছোট বড় অনেক গরুর খামার গড়ে উঠেছে। প্রচলিত পদ্ধতিতে খড় ও উন্নত জাতের ঘাস কেটে গরুর খাবার তৈরি করা খুবই কষ্টসাধ্য এবং শ্রমঘন কাজ। এজন্য খড় কাটা মেশিনের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে চায়না এবং ইন্ডিয়া থেকে প্রচুর পরিমাণ চপার মেশিন আমদানি হচ্ছে। প্রচলিত এসব চপার মেশিনের স্থায়িত্ব অনেক কম এবং নিরাপত্তা ব্যবস্থার দুর্বলতার কারণে দুর্ঘটনা ঘটার প্রবণতা বেশি। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর ফার্ম মেশিনারি এবং পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন “যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ (এসএফএমআরএ)” প্রকল্পের অর্থায়নে এক দল কৃষি প্রকৌশলী দেশীয় কার্টামাল ব্যবহার করে ২০২৪ সনে “ব্রি চপার মেশিন” উন্নয়ন করেন। চপার মেশিনটি তুলনামূলকভাবে টেকসই ও মজবুত। কনভেয়ার বেল্টের মাধ্যমে খড় ও ঘাস কাটিং ইউনিটে প্রবেশ করানো হয় এবং নিরাপত্তা কভার থাকায় দুর্ঘটনা ঘটার প্রবণতা অনেক কম। কনভেয়ার টাইপ ফিডিং সিস্টেমের কারণে আকারে ছোট, অগোছালো খড় ও ঘাস খুব সহজেই কাটা যায়। মেশিনটি আকারে ছোট এবং চাকা থাকায় এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়া যায়। বেল্টের সাহায্যে মটর/ইঞ্জিন থেকে শক্তি স্থানান্তর করা হয়। চপার মেশিনটি ব্যবসায়িক সফল একটি টেকসই প্রযুক্তি। এই মেশিন ব্যবহার করে ছোট, বড় খামারী এবং নতুন উদ্যোক্তারা বাণিজ্যিকভাবে গবাদী পশু পালন করতে পারবে। আমদানি নির্ভরতা কমানো এবং কর্মসংস্থানের সুযোগ তৈরির লক্ষ্যে মেশিনটি দেশীয় উপযোগী করে প্রস্তুত করা হয়েছে। স্থানীয় প্রস্তুতকারকদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে গুণগত মানসম্পন্ন মেশিন প্রস্তুত ও ব্যবসায়িকভাবে ব্যবহারের জন্য বইটি লেখা হয়েছে। আমি বিশ্বাস করি, বইটি স্থানীয় কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক, কৃষক, উদ্যোক্তা, গবেষক, কৃষি প্রকৌশলী ও নীতি নির্ধারকদের জন্য উপযোগী হবে। এ বইয়ের জ্ঞানটি ও সীমাবদ্ধতা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ করছি।



মহাপরিচালক
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
ত্রি গাজীপুর

মুখবন্ধ

আধুনিক চাষাবাদের চ্যালেঞ্জ মেটাতে কৃষি ক্রমাগত বিকশিত হচ্ছে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ফার্ম মেশিনারি এন্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগে বাহুবায়নাধীন “যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ (এসএফএমআরএ)” প্রকল্পের অর্থায়নে ড. এ কে এম সাইফুল ইসলাম এর তত্ত্বাবধানে ত্রি’র কৃষি প্রকৌশলীরা স্থানীয় ওয়ার্কশপে দেশীয় কাঁচামাল ব্যবহার করে ত্রি চপার মেশিন উন্নয়ন করেছেন। বিভিন্ন অগ্রগতির মধ্যে ত্রি চপার মেশিনটি উল্লেখযোগ্য যা ক্রপ রেসিডিউ ব্যবস্থাপনা এবং ব্যবহার উন্নত করার জন্য ডিজাইন করা হয়েছে। এই মেশিনটি ছয়টি ধাপে এবং আটযন্ত্রটি উপধাপে প্রস্তুত করা হয়েছে। ছয়টি ধাপ হলো মেইন বেইজ সেকশন, কাটিং বডি সেকশন, কাটিং ব্লড সেকশন, কনভেয়ার সেকশন, পাওয়ার সেকশন এবং মুভিং সেকশন। আমদানিকৃত চপার মেশিনের তুলনায় এটি সাশ্রয়ী মূল্যে প্রস্তুত করা সম্ভব। মেশিনটি দেশীয় উপযোগী করে প্রস্তুত করা হয়েছে বিধায় আমদানি নির্ভরতা কমাতে এবং কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। এরই ধারাবাহিকতায় ড. এ কে এম সাইফুল ইসলাম “ত্রি চপার মেশিন” শীর্ষক বইটি লিখেছেন। এ বইয়ে ত্রি চপার মেশিনের বিভিন্ন যন্ত্রাংশের নাম, পরিমাপ, সংখ্যা ও কার্যকারিতা বিশদভাবে বর্ণনা করেছেন যা ভবিষ্যতে স্থানীয় কৃষিযন্ত্র প্রস্তুতকারকদের গুণগত মানসম্পন্ন চপার মেশিন প্রস্তুতে সহায়তা করবে। যন্ত্রটির বাণিজ্যিকভাবে প্রস্তুত পদ্ধতি, মেশিনের কার্যকারিতা, ব্যবহার বিধি ও নিরাপত্তা বিশদভাবে বর্ণনা করা হয়েছে। বইটি প্রস্তুতকারক, কৃষি প্রকৌশলী, গবেষক, উদ্যোক্তা এবং ব্যবহারকারীদের জ্ঞান এবং দক্ষতা বাড়াতে সহায়ক হবে। আমি ড. এ কে এম সাইফুল ইসলাম এর প্রচেষ্টাকে সাধুবাদ জানাই এবং তার সাফল্য কামনা করি।

(ড. মোহাম্মদ খালেকুজ্জামান)



চিফ সাইন্টিফিক অফিসার
ফার্ম মেশিনারি অ্যান্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগ
ত্রি, গাজীপুর

লেখক পরিচিতি

ড. এ কে এম সাইফুল ইসলাম বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর 'কৃষি শক্তি ও যন্ত্র বিভাগ' থেকে ১৯৯০ সালে বিএসসি এজি ইঞ্জিনিয়ারিং (সম্মান) এ প্রথম শ্রেণিতে প্রথম স্থান অর্জন করেন। তিনি একই বিশ্ববিদ্যালয়ের একই বিভাগ থেকে ১৯৯৬ সালে এমএস ইন এজি ইঞ্জিনিয়ারিং এবং ২০১২ সালে কনজারভেশন টিলেজ বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৯৭ সালে ইংল্যান্ডের সিলসো কলেজ থেকে এগ্রিকালচারাল মেকানাইজেশন ও মেশিনারি ইঞ্জিনিয়ারিং বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কোর্স সম্পন্ন করেন। ড. ইসলাম ২০ এপ্রিল ১৯৯৮ সালে ত্রি'র খামার যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগে বৈজ্ঞানিক কর্মকর্তা পদে যোগদান করেন। তিনি মাঠ পর্যায়ে বিভিন্ন জেলার কৃষকদেরকে কৃষিযন্ত্র চালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত বিষয়ে প্রশিক্ষণ দেন। তিনি ত্রি'র প্রশিক্ষণ বিভাগ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ইরি, সিমিট, এসিআইএআর, কৃষিযন্ত্র প্রস্তুতকারক, সরবরাহকারী ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, বিভিন্ন এনজিও এবং প্রাইভেট কোম্পানি আয়োজিত উপজেলা কৃষি কর্মকর্তা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, কৃষক ও কৃষিযন্ত্র চালকদের জন্য কৃষিযন্ত্র চালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে কাজ করেছেন। ড. ইসলাম কনজারভেশন এগ্রিকালচার ইন রাইস ফার্মিং সিস্টেম, রাইস মেকানাইজেশন ইন বাংলাদেশ, ডিজেল ইঞ্জিন মেরামত ও রক্ষণাবেক্ষণ, পাওয়ার টিলার চালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ, রাইস ট্রান্সপ্লান্টার মেরামত ও রক্ষণাবেক্ষণ, কৃষিযন্ত্রে ব্যবহৃত হ্যাড টুলস, মেশিন টুলস পরিচিতি, ওয়ার্কশপ মেশিন চালনা, ওয়ার্কশপে কর্মরত জনবলের কারিগরি দক্ষতা উন্নয়ন, ত্রি হোল ফিড কন্ট্রোল হারভেস্টার চালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ, ত্রি হোল ফিড কন্ট্রোল হারভেস্টারের যন্ত্রাংশ, ত্রি অটো সিড সোয়ার মেশিনের যন্ত্রাংশ, ত্রি কম্প্যাক্ট রাইস মিলের যন্ত্রাংশ, ত্রি বীজ বপন যন্ত্রের ড্রয়িং, ত্রি স্ট্র রোপ মেকারের ড্রয়িং, ত্রি কম্প্যাক্ট রাইস মিলের ড্রয়িং, ত্রি মিনি হলার মেশিনের ড্রয়িং, ত্রি ধান-গম মাড়াই যন্ত্রের ড্রয়িং এবং ত্রি উইভারের ড্রয়িং বিষয়ক বই লিখেছেন। ড. ইসলাম ত্রি উইভার, ত্রি ধান-গম কাটা যন্ত্র, ইঞ্জিন চালিত ধান মাড়াই যন্ত্র, ত্রি ওপেন ড্রাম থ্রেসার, ত্রি ধান-গম মাড়াই যন্ত্র, ত্রি শস্য কাড়াই যন্ত্র, রাইস মিল চালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত, মেশিনে রোপণ উপযোগী চারা তৈরির কৌশল এর প্রশিক্ষণ নির্দেশিকা প্রস্তুত করেছেন। তিনি মেশিনে রোপণ উপযোগী চারা তৈরির কৌশল, বীজ বপন যন্ত্র, অটো সিড সোয়ার মেশিন, রাইস ট্রান্সপ্লান্টার, সেমি অটোমেটিক রাইস ট্রান্সপ্লান্টার, সোলার লাইট ট্র্যাপ, দানাদার ইউরিয়া সার প্রয়োগ যন্ত্র, ত্রি পাওয়ার উইভার, ধান-গম কাটা যন্ত্র, ধান-গম মাড়াই যন্ত্র, প্যানিকেল থ্রেসার, হোল ফিড কন্ট্রোল হারভেস্টার, হেড ফিড কন্ট্রোল হারভেস্টার, শস্য কাড়াই যন্ত্র, স্ট্র রোপ মেকার, এয়ার ব্লো রাইস মিল, মিনি রাইস হলার, কম্প্যাক্ট রাইস মিল, সরু ও লম্বা ধান প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়নের সাথে সম্পৃক্ত। বর্তমানে তিনি এ বিভাগে চিফ সাইন্টিফিক অফিসার পদে কর্মরত।

প্রকল্প পরিচিতি

“যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ” প্রকল্পটি ৪৪০০ লক্ষ টাকা প্রাকল্পিত ব্যয়ে জুলাই ২০১৯ হতে জুন ২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় এবং গত ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখে প্রশাসনিক আদেশ জারী হয়। প্রকল্পটি কৃষি যন্ত্রপাতির অধীন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ফার্ম মেশিনারি অ্যান্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগ দেশের স্নাতক বিভাগের ১২টি জেলার ১২টি উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের অন্যতম প্রধান উদ্দেশ্য হলো টেকসই ধান চাষাবাদের লক্ষ্যে লাগসই কৃষি যন্ত্রপাতি উন্নয়ন ও আধুনিকায়নের জন্য খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম জোরদারকরণ। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হলো (ক) কৃষকের আর্থ-সামাজিক অবস্থার সাথে সঙ্গতিপূর্ণ লাগসই নয়া কৃষি যন্ত্রপাতি এবং প্রযুক্তি, ধানের চারা রোপণ যন্ত্র, মিনি কন্ট্রোল হারভেস্টার, শক্তি চালিত নিড়ানি যন্ত্র, রিপার বাইন্ডার, কমপ্যাক্ট রাবার রোল রাইস মিল, ধানের চারা রোপণ যন্ত্র-কাম-সার প্রয়োগ যন্ত্র, স্ট্র রোপ তৈরি যন্ত্র, বীজ বপন যন্ত্র, ফলনোত্তর ব্যবস্থাপনা এবং নবায়নযোগ্য শক্তি (সোলার ও প্রিকট মেশিন) উদ্ভাবন/উন্নয়ন করা; (খ) প্রি উদ্ভাবিত কৃষি যন্ত্রের ৩২৪টি প্রায়োগিক মাঠ পরীক্ষণের মাধ্যমে যন্ত্রের ত্রুটি-বিজুতি সম্পর্কে মতামত সংগ্রহ করে যন্ত্রের অধিকতর উন্নয়ন করা; (গ) প্রি উদ্ভাবিত ও আধুনিক কৃষি যন্ত্রপাতি সম্পর্কে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬৪৮০ জন যন্ত্র চালক, অপ্রেসর কৃষক, মেকানিক ও সেবা প্রদানকারী উদ্যোক্তা এবং ২০০ জন স্থানীয় কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক ও সম্প্রসারণ কর্মকর্তা/কর্মীকে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা; (ঘ) আধুনিক কৃষি যন্ত্রপাতি গবেষণার জন্য ২০ জন বিজ্ঞানী এবং ২০ জন গ্লার্কশপ কর্মীকে উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলা; এবং (ঙ) বিদ্যমান কৃষি যন্ত্রপাতি গবেষণা ল্যাব-কাম-ওয়ার্কশপের আধুনিকায়ন। প্রকল্পের কার্যাবলি হলো ক) টেকসই ধান উৎপাদনের জন্য লাগসই নয়া কৃষি যন্ত্রপাতি ও শস্য কর্তনোত্তর প্রযুক্তি (ধানের চারা রোপণ যন্ত্র, মিনি কন্ট্রোল হারভেস্টার, শক্তি চালিত নিড়ানি যন্ত্র, রিপার বাইন্ডার, কমপ্যাক্ট রাবার রোল রাইস মিল, ধানের চারা রোপণ যন্ত্র-কাম-সার প্রয়োগ যন্ত্র, স্ট্র রোপ তৈরি যন্ত্র, বীজ বপন যন্ত্র, ফলনোত্তর ব্যবস্থাপনা এবং নবায়নযোগ্য শক্তি (সোলার ও প্রিকট মেশিন) উদ্ভাবন/উন্নয়ন করা; খ) বিদেশ থেকে উন্নত প্রোটোটাইপ সংগ্রহ করে রিভার্স ইঞ্জিনিয়ারিং এবং ফলিত গবেষণা এর মাধ্যমে দেশীয় উপযোগী করে যন্ত্র প্রস্তুত করা; গ) প্রায়োগিক মাঠ পরীক্ষণের মাধ্যমে প্রাপ্ত মতামত অনুযায়ী যন্ত্রের উন্নয়ন সাধন করা; ঘ) যান্ত্রিক পদ্ধতিতে ধানের চারা রোপণের জন্য চারা উৎপাদন কৌশল, রাইস ট্রান্সপ্লান্টার চালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ে ৩২৪টি দু’দিনের আবাসিক হাতে-কলমে প্রশিক্ষণ আয়োজন করা; ঙ) প্রি উদ্ভাবিত এবং আধুনিক যন্ত্রের ৩২৪টি প্রায়োগিক মাঠ পরীক্ষণের মাধ্যমে ৬৪৮০জন কৃষক, যন্ত্র চালক, মেকানিক, কৃষক দল/কৃষক সমিতি, সেবা প্রদানকারী উদ্যোক্তাদের কৃষি যন্ত্রপাতি ব্যবহারের উপযোগিতা, চালনা কৌশল, মেরামত ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে সচেতন করা; চ) প্রশিক্ষণ কার্যক্রমে যাছাড়া ও জবাবদিহিতা এবং প্রশিক্ষণার্থী নির্বাচনে রহততা পরিহার করার লক্ষ্যে প্রশিক্ষণ সৃষ্টি ও প্রশিক্ষণার্থীদের নাম প্রি’র ওয়েব সাইটে ভাটাবেজ আকারে সংরক্ষণ করা; ছ) তিন মাসের বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে ১০ জন দক্ষ বৈজ্ঞানিক জনশক্তি গড়ে তোলা; জ) ১০ জন বিজ্ঞানীর যন্ত্রকালীন (৭-১০দিনের) প্রশিক্ষণ আয়োজন করা; ঝ) কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক/সম্প্রসারণ কর্মকর্তা/কর্মীকে আধুনিক যন্ত্রপাতি প্রযুক্তি হস্তান্তর বিষয়ে তিন দিন ব্যাপী ১০টি প্রশিক্ষণ আয়োজন করা; ঞ) যন্ত্রপাতির তথ্যগত মান নিয়ন্ত্রণের জন্য মেশিন টেস্টিং ল্যাব (৩৭৫ বর্গ মিটার) নির্মাণ এবং ২৩টি গবেষণা ওয়ার্কশপ ও ১০৪টি ল্যাবরেটরি আধুনিক যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে মান সম্পন্ন গবেষণার দক্ষতা বৃদ্ধি করা; ট) প্রকল্প এলাকায় সীমিত আকারে দীর্ঘ সময় খামার যন্ত্রপাতির ব্যবহার এবং ভাড়া যন্ত্রপাতি ব্যবহারে সেবা প্রদানকারী উদ্যোক্তার মাধ্যমে কৃষিতে বাণিজ্যিক দৃষ্টিভঙ্গি গড়ে তোলা; ঠ) গবেষক, সম্প্রসারণ কর্মী, প্রস্তুতকারক এবং কৃষকদের মধ্যে সেতু বন্ধন গড়ে তোলা; ড) প্রধান কার্যালয়ের গবেষণার জন্য ২,৫০০ ঘন মিটার গবেষণা ম্যাট/প্লট উন্নয়ন করা; ঢ) প্রধান কার্যালয়ে ফার্ম মেশিনারি ল্যাব কাম অফিস ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (৪৫০ বর্গ মিটার) করা; প) প্রি’র আঞ্চলিক কার্যালয়ে দর্শনার্থীদের প্রদর্শন ও সংরক্ষণের জন্য মেশিন প্রদর্শনী কাম গ্যারার হাউজ (৫টি আঞ্চলিক কার্যালয়ে ১৫০ বর্গ মিটার করে ৭৫০ বর্গ মিটার) নির্মাণ করা; ত) যন্ত্রের প্রোটোটাইপ তৈরি, মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ে ২০ জন ওয়ার্কশপ কর্মীকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলা; থ) মাঠ পর্যায়ে টেকসই কৃষি যন্ত্রপাতি ব্যবহার নিশ্চিত করণের নিমিত্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে সেবা প্রদানকারী উদ্যোক্তা এবং যন্ত্রপাতি প্রস্তুতকারক প্রতিষ্ঠান/কারখানাকে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা। প্রকল্প বাস্তবায়নে প্রকল্প পরিচালককে সহায়তার জন্য আউট সোর্সিং এর মাধ্যমে ১১ জন (এক জন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, দু’ জন বেক মেকানিক, দু’ জন লেন-অপারেটর, দু’ জন টিন স্মিথ, দু’ জন হ্যামার ম্যান ও দু’ জন গাড়ি চালক) জনবল নিয়োগ দেয়া হয়েছে। এফএমপিএইচটি বিভাগের বিজ্ঞানীপণ, গবেষণা সহকারী, অর্থ এবং হিসাব বিভাগের হিসাব রক্ষক এবং পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগের কর্মকর্তাপণ নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্পের কাজ করছেন।

সূচিপত্র

অধ্যায়	বিবরণ	পৃষ্ঠা
১	গবেষণার পটভূমি	০১
২	ত্রি চপার মেশিনের বর্ণনা	০৪
৩	মেশিনের যন্ত্রাংশ	১৩
৪	কাটিং ড্রয়িং	৩৫
৫	ইনডেনটিরি	৫২



অধ্যায় এক
গবেষণার পটভূমি



ত্রি চপার মেশিন তৈরির পরিকল্পনা

বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে ছোট বড় আধুনিক গরুর খামার গড়ে উঠেছে। এই সকল খামার গুলোতে গরুর খাবার সাইলেজ তৈরি করা হয়। খড় ও উন্নত জাতের ঘাস কেটে গরুর খাবার তৈরি করার জন্য চপার মেশিনের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। চায়না এবং ইন্ডিয়া থেকে আমদানীকৃত চপার মেশিন দিয়ে খড় কাটা হয়। এসব মেশিনের গিয়ার এবং কাটিং ব্লেডের মতো গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ খুব তাড়াতাড়ি নষ্ট হয়ে যায়। প্রচলিত চপার মেশিনের স্থায়িত্ব কম এবং নিরাপত্তা গার্ড না থাকায় দুর্ঘটনার প্রবণতাও বেশি। এইসব দিক বিবেচনা করে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ত্রি) এর ফার্ম মেশিনারি এবং পোষ্ট হারভেস্ট টেকনোলজি বিভাগে বাস্তবায়নায়ী “যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ (এসএফএমআরএ)” প্রকল্পের অর্থায়নে এক দল কৃষি প্রকৌশলীরা তাদের অগ্রগত পরিশ্রমে দেশীয় কাঁচামাল ব্যবহার করে ২০২৪ সনে টেকসই, মজবুত, দীর্ঘস্থায়ী এবং নিরাপত্তা সংযোজিত “ত্রি চপার মেশিন” তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়।

মেশিন তৈরির উদ্দেশ্য

- খড় কাটার জন্য কায়িক শ্রম এবং সময় কমানো।
- খড়/ঘাসকে ছোট ছোট টুকরো করা।
- ফিভিং ইউনিটে কনভেয়ার বেল্ট সংযুক্তির মাধ্যমে নিরাপদ দ্রুতত্ব থেকে মেশিনে খড়/ঘাস প্রবেশ করা।
- মেশিনটি হালকা এবং পরিবহনযোগ্য করা।
- মেশিনের প্রতিটি খুচরা যন্ত্রাংশ সহজলভ্য করা।
- স্থানীয় ওয়ার্কশপে সহজে মেরামত করা।
- দেশীয় কাঁচামাল ব্যবহার করে মেশিন প্রস্তুত করা।
- স্থানীয় ওয়ার্কশপগুলোকে গুণগত মানসম্পন্ন মেশিন তৈরিতে উদ্বুদ্ধ এবং পারদর্শী করে তোলা।

পরিবর্তন সমূহ

- পাওয়ার ট্রান্সমিশন সিস্টেম গিয়ার এর পরিবর্তে পুলি ব্যবহার করা হয়েছে।
- কাটিং ব্লেড শ্যাফটের সাথে ফ্লাই ছইল সংযোজন করা হয়েছে।
- মেশিনকে ছিন্ন রাখার জন্য লক চাকা ব্যবহার করা হয়েছে।
- কাটিং বেইজের প্রস্থ বড় করা হয়েছে।
- বিয়ারিং হাউজিং পরিবর্তন করা হয়েছে।
- সাব পাওয়ার শ্যাফটের বৃশ সিস্টেমকে পরিবর্তন করে বিয়ারিং সিস্টেম করা হয়েছে।
- ফিভিং সিস্টেমে কনভেয়ার বেল্ট সিস্টেম সংযোজন করা হয়েছে।
- মেটেরিয়াল পরিবর্তন করা হয়েছে।

আমদানীকৃত এবং ত্রি চপার মেশিনের পার্থক্য

চায়না চপার মেশিন	ত্রি চপার মেশিন
গিয়ারের সাহায্যে শক্তি স্থানান্তর।	বেল্ট ও পুলির সাহায্যে শক্তি স্থানান্তর।
খড়/ঘাস সরাসরি কাটিং ইউনিটে প্রবেশ করে।	কনভেয়ার বেল্টের মাধ্যমে খড়/ঘাস কাটিং ইউনিটে প্রবেশ করে।
সাব পাওয়ার শ্যাফটের বৃশ সিস্টেম থাকায় দ্রুত বৃশ নষ্ট হয়ে যায়।	সাব পাওয়ার শ্যাফটের বৃশ সিস্টেমকে পরিবর্তন করে বিয়ারিং সেট করা হয়েছে।
শ্যাফটের সাথে গুণ্ড কাটিং ব্রেড সংযোজন করা আছে।	কাটিং ব্রেড শ্যাফটের আকার বড় করে ফ্লাই ছইল সংযোজন করা হয়েছে।
বিয়ারিং হাউজিং পাতলা নিম্নমানের এমএস সিট দিয়ে তৈরি করা।	বিয়ারিং হাউজিং সম্পূর্ণ এমএস সিট দিয়ে তৈরি করা হয়েছে।
কাটিং বেইজের দৈর্ঘ্য কম	কনভেয়ার সেটিং এবং ক্যাপাসিটি বৃদ্ধির জন্য কাটিং বেইজের দৈর্ঘ্য বড় করা হয়েছে।
মেশিনে ৩৮x৩৮x৩ মিমি সাইজের এমএস এঙ্গেলবার এবং ১.৫, ২.৫, ৩ ও ৩ মিমি এমএস সিট ব্যবহার করা হয়েছে	মেশিনে ৩৮x৩৮x৪ মিমি সাইজের এমএস এঙ্গেলবার এবং ৩ মিমি এমএস সিট ব্যবহার করা হয়েছে।

ত্রি চপার মেশিন প্রস্তুত

কৃষিক্ষেত্র প্রস্তুতকারক প্রতিষ্ঠান কুষ্টিয়া জেলার বটতৈল এ জিএসএম ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপে উন্নতমানের দেশীয় কাঁচামাল ব্যবহার করে “ত্রি চপার মেশিনটি” ডিজাইন ও ড্রয়িং অনুযায়ী প্রস্তুত করা হয়েছে। ত্রি চপার মেশিনটি ছয়টি প্রধান ধাপ এবং ৬৮টি উপধাপে প্রস্তুত করা হয়েছে। ছয়টি প্রধান ধাপ হলো ১. মেইন বেইজ সেকশন, ২. কাটিং বডি সেকশন, ৩. কাটিং ব্রেড সেকশন, ৪. কনভেয়ার সেকশন, ৫. পাওয়ার সেকশন, ৬. মুভিং সেকশন। মেশিনটি প্রস্তুতে ৭ (সাত) জন প্রস্তুতকারক ও সরবরাহকারীর সহায়তা নেয়া হয়েছে (সারণী ১)।

সারণী ১: ত্রি চপার মেশিন প্রস্তুতে সহায়তাকারীদের তালিকা

ক্রমিক নং	প্রস্তুতকারক ও সরবরাহকারীর নাম	স্বাক্ষরের বিবরণ
০১	আলম ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ ভজহরী শাহস্টিট ২৫ নং বাসা, টিপু সুলতান রোড, গয়ারী, ঢাকা	সকল প্রকার পুলি (ঢালাই), কনভেয়ার বেল্ট, সকল প্রকার এমএস ও সিআই ঢালাই মালামাল
০২	ফয়সাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ ৯৩/৪ ধলপুর সূতিখালপার, যাত্রাবাড়ী	সকল প্রকার গিয়ার
০৩	নিউ এমএম স্টীল, গাজীপুর	সকল প্রকার সীট, গ্রেট, ফয়ার বার, এঙ্গেলবার, শ্যাফট

০৪	তাহমিদ বেয়ারিং হাউজ, নবাবপুর, ঢাকা	সকল প্রকার বিয়ারিং
০৫	নাহার এন্টারপ্রাইজ, নবাবপুর, ঢাকা	সকল প্রকার নাট, বোল্ট, ওয়াসার, কেট
০৬	জাহাঙ্গীর স্প্রিং স্টোর, বনগ্রাম রোড, ওয়ারী	সকল প্রকার স্প্রিং
০৭	আফতাব মেশিনারীজ, নবাবপুর, ঢাকা	মটর

ত্রি চপার মেশিন তৈরিতে জনবল

দেশীয় উপযোগী ত্রি চপার মেশিনের ডিজাইন, ড্রয়িং, মেটেরিয়াল নির্বাচন এবং ফেব্রিকেশনে গবেষণা দলে নেতৃত্ব দিয়েছেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ফার্ম মেশিনারি এন্ড পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং এসএফএমআরএ প্রকল্পের প্রকল্প পরিচালক ড. এ কে এম সাইফুল ইসলাম। দলের অন্যান্য সদস্য ছিলেন একই বিভাগের বৈজ্ঞানিক কর্মকর্তা আরাফাত উল্লাহ খান। ত্রি চপার মেশিনের ড্রয়িং প্রস্তুত করেন ড্রাফটসম্যান মোঃ শফিকুল ইসলাম। কুষ্টিয়ার বটতৈল স্থানীয় কৃষিক্ষেত্র প্রস্তুতকারক প্রতিষ্ঠান জিএসএম ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপে ত্রি কনভেয়ার চপার মেশিনের ডিজাইন ও ড্রয়িং অনুসরণ করে প্রথম প্রোটোটাইপ প্রস্তুত করেন সনি রোজারিও, মো: হুমায়ুন কবির, মো: জাহিদুল ইসলাম, আমিনুল ইসলাম, মেহেদি হাসান মোহন এবং মো: খোকন হাওলাদার। জিএসএম ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ এর স্বত্বাধিকারী মো: সাইফুল আলম, মো: আকাশ আহমেদ রাফি এবং শাহিন আলম ত্রি চপার মেশিনের ফেব্রিকেশনে মাঠ পর্যায়ের অভিজ্ঞতা বিনিময় করেন এবং ওয়ার্কশপের সবধরনের সুযোগ-সুবিধা প্রদান করেন।





অধ্যায় দুই
ত্রি চপার মেশিনের
বর্ণনা



চপার মেশিন

ত্রি চপার মেশিন দিয়ে গবাদি পশুর খাদ্য তৈরির জন্য খড়/ঘাসকে কেটে ছোট ছোট টুকরো করা হয়। ধানের খড় গবাদি পশুর খাবার, বেড়িং মেটেরিয়াল (বিছানা), মালচিং, কম্পোস্টিং এবং জৈব শক্তির কাঁচামাল হিসাবে বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা হয়। ত্রি চপার মেশিনটি দক্ষতার সাথে অল্প সময়ে প্রচুর পরিমাণে খড়/ঘাসকে টুকরো টুকরো করে।

যন্ত্রের কারিগরি বৈশিষ্ট্য

- ওভার অল দৈর্ঘ্য ১২৪০ মিমি, প্রস্থ ৫৩৫ মিমি এবং উচ্চতা ৯৪০ মিমি।
- ৩ (তিন) হর্সপাওয়ার সিঙ্গেল ফেইজ এসি মোটর ব্যবহার করা হয়েছে।
- ঘন্টায় প্রায় ৭০০ কেজি খড় ও ১৮০০ কেজি উন্নত জাতের ঘাস কাটা যায়।
- গিয়ারের পরিবর্তে কনভেয়ার বেল্ট ও পুলি সংযোজন করা হয়েছে।
- উন্নতমানের ৪টি কাটিং ব্লেড ব্যবহার করা হয়েছে।
- চাকা থাকায় সহজেই এক স্থান থেকে অন্য স্থানে বহন করা যায়।
- ফিভিং অংশে কনভেয়ার বেল্ট থাকায় নারী ও পুরুষ উভয়েই সহজে যন্ত্রটি চালাতে পারে।
- যে কোন আকৃতির খড় ও উন্নত জাতের ঘাস কর্তন করা যায়।
- স্থানীয় ওয়াকশপে সহজলভ্য কাঁচামাল দিয়ে খুব সহজেই তৈরি ও মেরামত করা যায়।

চপার মেশিনের ব্যবহার

গবাদি পশুর খাবার

কাটা খড় গবাদি পশুর খাবারের একটি মূল্যবান উপাদান। কারণ এটি ফাইবার সরবরাহ করে এবং হজম প্রক্রিয়ায় সহায়তা করে। এটি ব্যবহার করার সময় অবশ্যই চিন্তাভাবনা করতে হবে যাতে পশুদের পুষ্টির চাহিদা পূরণ হয়। কাটা খড়ের সাথে অন্যান্য পুষ্টির উপাদান সঠিকভাবে মিশিয়ে এবং খাদ্যের ভারসাম্য বজায় রেখে কৃষকরা কম খরচে পুষ্টির খাদ্য প্রস্তুত করতে পারেন, যা গবাদি পশুর স্বাস্থ্যকে উন্নত করতে সাহায্য করে।

এনিমেল বেডিং

কাটা খড় গবাদি পশুর বিছানা হিসেবে ব্যবহৃত হয়, যা প্রাণীদের জন্য আরামদায়ক ও শোষণক্ষম পরিবেশ তৈরি করে।

মালচিং

কাটা খড় মালচিং হিসেবে ব্যবহৃত হয়। মালচিং মাটির আর্দ্রতা ধরে রাখে, আগাছা নিয়ন্ত্রণ করে এবং মাটিতে জৈব পদার্থ যোগ করতে সহায়ক হয়।

কম্পোস্টিং

কাটা খড় অন্যান্য জৈব পদার্থের সাথে মিশিয়ে কম্পোস্ট তৈরি করা যেতে পারে। কম্পোস্ট মাটিকে পুষ্টি যোগায় এবং মাটির গঠন উন্নত করে।

জৈব শক্তি উৎপাদন

খড় প্রক্রিয়াজাত করে বায়োগ্যাস বা জৈব জ্বালানী উৎপাদনের জন্য ফিডস্টক হিসেবে ব্যবহার করা যেতে পারে।

ফসলের অবশিষ্টাংশ ব্যবস্থাপনা

ফসল কাটার পর অবশিষ্ট খড় কেটে জমিতে ছড়িয়ে দেওয়া যায় যা মাটিতে জৈব পদার্থ যোগ করে এবং উর্বরতা উন্নত করে।

চপার মেশিনের সুবিধা

চপার মেশিন আধুনিক কৃষিতে একটি অপরিহার্য যন্ত্র, যা খড়কে বিভিন্ন উদ্দেশ্যে আরও কার্যকরভাবে কেটে এবং ব্যবহার করতে সহায়তা করে। এর মাধ্যমে উন্নত খামার ব্যবস্থাপনা এবং সম্পদের কার্যকর ব্যবহার নিশ্চিত করে।

খড় কাটার দক্ষতা (Efficiency) : যন্ত্রটি দিয়ে দ্রুত এবং অনেক পরিমাণে খড় প্রক্রিয়া করতে সক্ষম, যা হাতে কাটার তুলনায় সময় এবং শ্রম বাঁচায়।

সমভাবে খড় টুকরো করা (Uniformity) : এটি সমান আকারের খড়ের টুকরো তৈরি করে, যা গবাদি পশুর খাদ্য, বেড়িং, মালচিং, বা কম্পোস্টিং-এ ব্যবহার করা যায়।

কাটার দৈর্ঘ্য নিয়ন্ত্রণ বা বহুমুখিতা (Versatility) : খড়ের টুকরার দৈর্ঘ্য নিয়ন্ত্রণ করা যায়। খড়ের টুকরো ছোট/বড় করার ক্ষমতা মেশিনটিকে বিভিন্ন অ্যাপ্লিকেশন এবং ব্যবহারকারীর প্রয়োজনের জন্য উপযুক্ত করে তোলে।

উন্নত হ্যান্ডলিং (Improved Handling) : কাটা খড় সহজেই পরিবহন ও সংরক্ষণ করা যায়।

ত্রি চপার মেশিনের বর্ণনা

ত্রি চপারটি আধুনিক প্রযুক্তিতে তৈরি নিরাপত্তা সংযোজিত টেকসই ও মজবুত মেশিন। এই মেশিনটি ৩ হর্সপাওয়ার সিঙ্গেল ফেইজ এসি মোটর দ্বারা চালনা করা হয়। চাকা থাকার কারণে মেশিনটি একস্থান থেকে অন্য স্থানে স্থানান্তরিত করা যায়। মেশিনের সঙ্গে কনভেয়ার বেল্ট যুক্ত থাকায় ছোট ছোট খড় ও ঘাস নিরাপদে কাটা যায়। বড় খড় বা ঘাস কনভেয়ার বেল্টের উপর রেখে দিলে মেশিনটি স্বয়ংক্রিয়ভাবে টেনে নিয়ে কর্তন করে। মেশিনের সাথে চারটি কাটিং ব্লেড যুক্ত রয়েছে। বেল্টের সাহায্যে শক্তি সঞ্চালন হয়। দূর্ঘটনা রোধে মেশিনের সাথে সেফটি কভার সংযুক্ত করা রয়েছে। চপার মেশিনটির কাটিং ক্যাপাসিটি অন্যান্য মেশিনের তুলনায় অনেক বেশি।

চপিং মেকানিজম

চপার মেশিনের প্রাথমিক কাজ হল খড়কে ছোট ছোট করে সমানভাবে টুকরো করে কাটা। ঘূর্ণায়মান ব্লেডের মধ্য দিয়ে যাওয়ার সময় খড়গুলো কেটে টুকরো টুকরো হয় (চিত্র ১)।



চিত্র ১: কাটিং ব্লেড

ফিডিং সিস্টেম

রোলার বা কনভেয়ার খড়কে চপিং চেয়ারে নিয়ে যায়। কনভেয়ার সিস্টেমটি খড়ের নিরবিচ্ছিন্ন প্রবাহকে নিশ্চিত করে (চিত্র ২ ও ৩)।



চিত্র ২: খড় কাটা হচ্ছে



চিত্র ৩: ঘাস কাটা হচ্ছে

কাটার দৈর্ঘ্য সমন্বয় বা সামঞ্জস্যযোগ্য করা

চপার মেশিনের বেষ্ট ও পুলি পরিবর্তন করে গ্রয়োজনমত কর্তনকৃত খড়ের দৈর্ঘ্য ছোট/বড় করা যায়। ছোট টুকরাগুলি গবাদি পশুর খাবার, মালচিং বা কম্পোস্টিংয়ের জন্য এবং লম্বা টুকরাগুলি গবাদি পশুর বিছানার জন্য ব্যবহার করা যেতে পারে (চিত্র ৪)।



চিত্র ৪: কাটার দৈর্ঘ্য সমন্বয়

শক্তির উৎস

মেশিনটি বৈদ্যুতিক মোটর অথবা ডিজেল ইঞ্জিন দ্বারা চালিত। পরিস্থিতির উপর নির্ভর করে বৈদ্যুতিক মোটর অথবা ডিজেল ইঞ্জিন ব্যবহার হয় (চিত্র ৫)।



চিত্র ৫: মটর

ডিসচার্জ সিস্টেম

কাটার পরে টুকরা টুকরা খড় মেশিন থেকে দূরে নিক্ষেপ হয়। বন্যায় ভরে স্টোরেজ এলাকায় সরবরাহ করা সহজ হয় (চিত্র ৬)।



চিত্র ৬: টুকরো ঘাস বন্যায় ভরা

চপার কিভাবে কাজ করে

মটর বৈদ্যুতিক শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করে পুলিকে ঘুরায়। মটর পুলি থেকে বেস্ট এর মাধ্যমে কাটিং ব্লেন্ড এবং কনভেয়ার বেস্টে শক্তি সঞ্চালিত হয়। মেশিনটি চালু করার পর খড়, লতাপাতা ও ঘাস কনভেয়ার বেস্টের উপর রাখতে হবে। বেস্টের উপর রাখা খড় বা ঘাস হাত দিয়ে ধরে রাখতে হয় না। খড়, ঘাস এবং লতাপাতা যা কিছু কনভেয়ার বেস্ট এর উপর রাখা হবে, সব টেনে নিয়ে কাটিং ব্লেন্ড এর নিকট পৌঁছে দিবে। কাটা খড়/ঘাস ডেলিভারী মুখ দিয়ে বের হবে। ডেলিভারী মুখের এডজাস্টিং প্লেটের সমন্বয়ের মাধ্যমে খড়/ঘাস দূরে অথবা কাছে থেকে সংগ্রহ করা যাবে।

শক্তি স্থানান্তর

বৈদ্যুতিক মোটর/ডিজেল ইঞ্জিন থেকে চপারের বিভিন্ন অংশে শক্তি প্রেরণ করে দক্ষতার সাথে খড়কে কেটে টুকরো টুকরো করে। এখানে শক্তি সঞ্চালন সিস্টেমের একটি বিশদ বিবরণ দেওয়া হল:

১. প্রাইম মুভার

- শক্তি সঞ্চালনে প্রাইম মুভার হিসেবে বৈদ্যুতিক মোটর বা ডিজেল ইঞ্জিন ব্যবহৃত হয়। প্রাইম মুভারটি চপারের নির্দিষ্ট ডিজাইন এবং চপিং দক্ষতার উপর নির্ভর করে।

২. ড্রাইভ শ্যাফট

- প্রাইম মুভার দ্বারা উৎপাদিত শক্তি ড্রাইভ শ্যাফটে স্থানান্তরিত হয়। এই শ্যাফট যান্ত্রিক শক্তিকে অন্য অংশে প্রেরণের প্রাথমিক মাধ্যম হিসাবে কাজ করে।

৩. বেস্ট এবং পুলি সিস্টেম

- গিয়ার বক্স থেকে শক্তি বেস্ট এবং পুলির মাধ্যমে কাটিং ব্লেন্ড প্রেরণ করে। বেস্ট এবং পুলি সিস্টেম মেশিনের ক্ষতি হতে পারে এমন শব্দ এবং কম্পন শোষণ করে।

৪. কাটিং ব্লেন্ড এবং রোটর

- বেস্ট এবং পুলি রোটরকে চালিত করে, যার সাথে কাটিং ব্লেন্ড সংযুক্ত থাকে। রোটর ঘোরার সাথে সাথে ব্লেন্ডগুলি খড়/ঘাসকে বেস্টে ছোট টুকরোতে রূপান্তরিত করে। কাটিং দক্ষতা প্রধানত ব্লেন্ডগুলির গতি এবং ধারালোতার উপর নির্ভর করে।

৫. কনভেয়ার

- কনভেয়ারের মাধ্যমে পরিমাণমত খড়/ঘাস চপিং চেম্বারে প্রবেশ করে।


৬. নিরাপত্তা ব্যবস্থা

- কনভেয়ারের মাধ্যমে খড় দেয়াতে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা অনেক কম।

শক্তি স্থানান্তর পদ্ধতি

বৈদ্যুতিক শক্তিকে মোটরের মাধ্যমে ঘূর্ণন শক্তিতে রূপান্তর করে মেইন পাওয়ার পুলি ঘুরানো হয়। ২৮০০ আরপিএম ও অশ শক্তির মটরের মেইন পাওয়ার পুলি ১০১.৬ মিমি থেকে বেল্টের মাধ্যমে ১২৭ মিমি পুলি ও ২৫৪ মিমি ফ্লাই হুইল দিয়ে কাটিং ব্রড পাওয়ার শ্যাফটে শক্তি স্থানান্তর হয় যার আরপিএম ২২৪০। ১২৭ মিমি পুলি থেকে পাওয়ার পেয়ে কাটিং ব্রড পাওয়ার শ্যাফট নিজে ঘুরে এবং শ্যাফটের অপর প্রান্তে থাকা ৭৬.২ মিমি পুলিকে ঘুড়ায়। ৭৬.২ মিমি পুলি থেকে বেল্টের মাধ্যমে ২৫৪ মিমি পুলি দিয়ে পাওয়ার কনভেয়ার রোলার-১ এর সাথে পাওয়ার স্থানান্তর হয় যার আরপিএম ৬৭২। কনভেয়ার রোলার-১ এর সাথে ১৫ দাঁতের স্পার গিয়ার ব্যবহার করে পাওয়ার দুই ভাগে বিভক্ত করা হয়। ৫টি স্পার গিয়ার ব্যবহার করে ব্যাক ওয়ার্ড শক্তিকে ফরওয়ার্ড শক্তিতে রূপান্তরিত করে প্রেসার রোলারকে ঘুরায়। পাওয়ার কনভেয়ার রোলার-১ নিজে ঘুরে কনভেয়ার বেল্ট এর মাধ্যমে কনভেয়ারের ফ্রি রোলারকে ঘুরায়।

পাওয়ার ট্রান্সমিশন ডায়াগ্রাম



যন্ত্রটি চালনা পদ্ধতি

যন্ত্রটি সমতল জায়গায় সেট করতে হবে যেখান থেকে সহজেই বৈদ্যুতিক সংযোগ দেওয়া যাবে। মেশিনে কাটার উপযোগী পর্যাপ্ত পরিমাণে খড় ও ঘাস সংগ্রহে রাখতে হবে। চালুর আগে নাট ও বোল্ট টাইট আছে কি না অবশ্যই চেক করে নিতে হবে। ঘূর্ণনশীল যন্ত্রাংশে লুব্রিকেটিং দিতে হবে। এরপর বৈদ্যুতিক সংযোগ দিয়ে মেশিনটি চালু করতে হবে এবং কয়েক মিনিট লোড ফ্রি চালিয়ে দেখতে হবে কোনো অনাকাঙ্ক্ষিত শব্দ করে কি না। যদি কোন অনাকাঙ্ক্ষিত শব্দ না করে তবে মেশিনের কনভেয়ারে খড়/ঘাস প্রবেশ করাতে হবে।

যন্ত্রটি চালনা করার পূর্বে করণীয়

চালনার পূর্বে যন্ত্রটিকে সমতল স্থানে সেট করতে হবে। এরপর ঘূর্ণনশীল যন্ত্রাংশে অয়েলিং ও গ্রিজিং করা আছে কি না তা চেক করতে হবে। যদি অয়েলিং ও গ্রিজিং করা না থাকে তাহলে অবশ্যই অয়েলিং ও গ্রিজিং করে নিতে হবে। এরপর মেশিনটি চালু দিতে হবে এবং কিছু সময় ফ্রি বা নো-লোড অবস্থায় চালিয়ে দেখতে হবে মেশিনে অনাকাঙ্ক্ষিত শব্দ করে কি না। অনাকাঙ্ক্ষিত শব্দ হলে সাথে সাথে মেশিন বন্ধ করে সমস্যার সমাধান করতে হবে। অনাকাঙ্ক্ষিত শব্দ না হলে মেশিনে খড় বা ঘাস দিয়ে কাটা শুরু করতে হবে।

যন্ত্রটি চালনার পরে করণীয়

যন্ত্রটি ব্যবহার করার পর মেশিনের বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করে যন্ত্রটি থেকে খড়কুটো ও ধূলাবালি মুক্ত করে পরিষ্কার করতে হবে এবং ছায়াযুক্ত সমতল স্থানে অয়েলিং ও গ্রিজিং করে ঢেকে রাখতে হবে যেন কোনভাবেই বৃষ্টির পানি যন্ত্রে না লাগে। ব্রেডে যদি ধার কমে যায় তাহলে ধারালো করতে হবে। যন্ত্রটি অনেক দিনের জন্য সংরক্ষণ করতে হলে যে সকল স্থানে রং উঠে গেছে সেখানে রং করতে হবে এবং ঘূর্ণনশীল যন্ত্রাংশে গুয়েলিং ও গ্রিজিং করে পলিথিন দিয়ে ঢেকে রাখতে হবে।

যন্ত্রের সমন্বয় (Adjustment)

বেল্ট টেনশন সমন্বয়

মটরের ৪টি নাট ও বোল্ট ঢিলা দিয়ে মটরকে আগানো পিছানো করে বেল্ট টেনশন সমন্বয় করতে হয় (চিত্র ৭)।



চিত্র ৭: বেল্টে টেনশন সমন্বয়

খড়ের কাটিং দৈন্য সময়

পুলির সাইজ পরিবর্তন করে খড়ের কাটিং সাইজ সময় করা হয় (চিত্র ৮)।



চিত্র ৮: পুলি পরিবর্তন

কাটিং ব্রেডের পজিশন সময়

কাটিং ব্রেড হোল্ডারের ৪টি নাট ও বোল্ট টিলা/টাইট করে কাটিং ব্রেডের পজিশন সময় করতে হবে। ৪টি কাটিং ব্রেডকে একই মাপে এবং একই এলাইনমেন্টে রেখে টাইট দিতে হবে (চিত্র ৯)।



চিত্র ৯: কাটিং ব্রেডের পজিশন সময়

কাটিং ব্রেড ও ব্রেড সাপোর্টিং বার সময়

কাটিং ব্রেড হোল্ডারের ৪টি সমন্বয়কৃত নাট ও বোল্ট টিলা/টাইট করে কাটিং ব্রেড ও ব্রেড সাপোর্টিং বার এর পজিশন সময় করতে হয়। ৪টি কাটিং ব্রেড ও ব্রেড সাপোর্টিং বার একই মাপে ০.০১ মিমি ক্রিয়ারেস রেখে টাইট দিতে হবে (চিত্র ১০)। কাটিং ব্রেড ও ব্রেড সাপোর্টিং বার একে অপরের স্পর্শে থাকবে।



চিত্র ১০: কাটিং রোলার সমন্বয়

প্রেসার রোলারের সমন্বয়

টেনশন স্পিং এর মাধ্যমে প্রেসার রোলারের বিয়ারিং হাউজিং এর সাথে টেনশন দিয়ে সমন্বয় করতে হবে (চিত্র ১১)।



চিত্র ১১: প্রেসার রোলার সমন্বয়

কনভেয়ার বেল্টের টেনশন সমন্বয়

কনভেয়ার বেল্টের টেনশন বোল্টকে ঢিলা/টাইট দিয়ে কনভেয়ার বেল্টের টেনশন সমন্বয় করতে হয়। কনভেয়ার বেল্টের টেনশন সমন্বয় করার পর অবশ্যই জ্যাম নাটকে টাইট দিয়ে লক করতে হবে (চিত্র ১২)।



চিত্র ১২: কনভেয়ার বেল্টের টেনশন সমন্বয়



চিত্র ১৩: পিয়ারে মিজিং



চিত্র ১৩: বিয়ারিং এ মিজিং

সতর্কতা

- যন্ত্রটি সমতল স্থানে বসাতে হবে।
- চলাচলের রাস্তায় যন্ত্রটি সেট করা যাবে না, নিরাপদ স্থানে সেট করতে হবে।
- চালানোর সময় অবশ্যই ঢিলেঢালা পোশাক পরিধান করা যাবে না।
- সকল নাট ও বোল্ট টাইট আছে কিনা চেক করতে হবে।
- সব ধরনের সময় চেক করতে হবে।





অধ্যায় তিন
মেশিনের যন্ত্রাংশ



মেইন বেইজ ফ্রেম সেকশন



চিত্র ১: মেইন বেইজ ফ্রেম

মেইন বেইজ ফ্রেম মেশিনের সকল অংশকে একসাথে ধরে রাখে (চিত্র ১)। মেইন বেইজ ফ্রেম এর সাথে মুভিং চাকা, মেইন পাওয়ার মটর কাটিং বডি সংযুক্ত করা হয়। মেশিনটির মেইন বেইজ ফ্রেমের দৈর্ঘ্য ৬৭০ মিমি, প্রস্থ ৩৩০ মিমি, উচ্চতা ৫৩০ মিমি। মেইন বেইজ ফ্রেমে ৩৮X৩৮X৩ মিমি সাইজের এমএস এক্সেলবার দৈর্ঘ্য ৫২০ মিমি ৪টি, ৬২০ মিমি ২টি, ৩৪৪ মিমি ২টি এর সমন্বয়ে বালান্সি এবং নাট ও বোল্ট দিয়ে মেইন বেইজ ফ্রেম তৈরি করা হয়েছে।



চিত্র ২: ফ্রন্ট ফ্রেম

ফ্রন্ট ফ্রেম এর কাজ হলো মটর বেইজ ব্যাক ফ্রেমের সাথে সংযুক্ত হয়ে মেইন বেইজ ফ্রেম তৈরি করে এবং নাট, বোল্ট ও ওয়াসারের মাধ্যমে কাটিং বডিকে ধরে রাখে। ফ্রন্ট ফ্রেমের সংখ্যা ১টি (চিত্র ২)। ফ্রন্ট ফ্রেমের দৈর্ঘ্য ৫২০ মিমি, প্রস্থ ৩৩০ মিমি, উচ্চতা ৩৮ মিমি। ফ্রন্ট ফ্রেম ৩৮X৩৮X৩ মিমি এমএস এক্সেলবার মেটেরিয়ালে তৈরি।



চিত্র ৩: ব্যাক ফ্রেম

ব্যাক ফ্রেম এর কাজ হলো মটর বেইজ ও ফ্রন্ট ফ্রেমের সাথে সংযুক্ত হয়ে মেইন বেইজ ফ্রেম তৈরি করে এবং কাটিং বডিকে ধরে রাখে। ব্যাক ফ্রেমের সংখ্যা ১টি (চিত্র ৩)। ব্যাক ফ্রেমের দৈর্ঘ্য ৫২০ মিমি, প্রস্থ ৩৩০ মিমি, উচ্চতা ৩৮ মিমি। ব্যাক ফ্রেম ৩৮X৩৮X৩ মিমি এমএস এক্সেলবার মেটেরিয়ালে তৈরি।



চিত্র ৪: মটর বেইজ

মটর বেইজটি (চিত্র ৪) ব্যাক ফ্রেম ও ফ্রন্ট ফ্রেমের সাথে সংযুক্ত হয়ে মেইন বেইজ ফ্রেম তৈরি করে এবং মটরকে সঠিক এলাইনমেন্টে ধরে রাখে। মটর বেইজ সংখ্যা ১টি। মটর বেইজের দৈর্ঘ্য ৬২০ মিমি, প্রস্থ ১৬৭ মিমি এবং উচ্চতা ৩৮ মিমি। মটর বেইজ ৩৮X৩৮X৩ মিমি এমএস এক্সেলবার মেটেরিয়ালে তৈরি।



চিত্র ৫: মুভিং বেইজ বা চাকা

মুভিং বেইজ বা চাকার কাজ হলো মেইন বেইজ স্কেলের চারটি পায়ার সাথে সংযুক্ত হয়ে মেশিনকে একত্বান থেকে অন্যস্থানে স্থানান্তর করা। মুভিং বেইজ বা চাকার সংখ্যা ৪টি (চিত্র ৫)। মুভিং বেইজের দৈর্ঘ্য ১০৫ মিমি, প্রস্থ ৭৭ মিমি, উচ্চতা ৯৫ মিমি এবং চাকার ব্যাস ৭৫ মিমি।

কাটিং বডি সেকশন



চিত্র ৬: কাটিং বডি

রাইট সাইড কভার, লেফট সাইড কভার, বটম কভার এবং ৪টি সাপোর্টিং এক্সেলবারকে একসাথে কালাই করে কাটিং বডি তৈরি করা হয় (চিত্র ৬)। কাটিং বডির ভিতরে পাওয়ার শ্যাফট, রিল, কাটিং ব্লেড, কনভেয়ার পাওয়ার রোলার এবং প্রেশার রোলার সেটিং করা থাকে।



চিত্র ৭: রাইট সাইড কভার

রাইট সাইড কভারটি লেফট সাইড কভার এবং নিচের কভার কালাই করে কাটিং বডি তৈরি করে (চিত্র ৭)। রাইট সাইড কভারের সংখ্যা ১টি। রাইট সাইড কভারের দৈর্ঘ্য ৫৪০ মিমি, প্রস্থ ৩০০ মিমি, পুরুত্ব ৩ মিমি। রাইট সাইড কভার এমএস প্রুট মেটেরিয়ালে তৈরি।



চিত্র ৮: লেফট সাইড কভার

লেফট সাইড কভারটি রাইট সাইড কভার এবং নিচের কভার কালাই করে কাটিং বডি তৈরি করে (চিত্র ৮)। লেফট সাইড কভারের সংখ্যা ১টি। লেফট সাইড কভারের দৈর্ঘ্য ৫৪০ মিমি, প্রস্থ ৩০০ মিমি, পুরুত্ব ৩ মিমি। লেফট সাইড কভার এমএস প্রুট মেটেরিয়ালে তৈরি।



চিত্র ৯: টপ কভার পিন কজা

পিন কভার সাহায্যে টপ কভার উঠানামা করে (চিত্র ৯)। টপ কভার পিন কজার সংখ্যা ২টি। টপ কভার পিনের দৈর্ঘ্য ৫০ মিমি এবং আউট ব্যাস ১৬ মিমি। টপ কভার পিন এমএস শ্যাফট মেটেরিয়ালে তৈরি।



চিত্র ১০: টপ কভার

